যুগান্তর

তারিখ 31 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# চেষ্টা করেও কথা বলতে পারছে না খাদিজা

**যুগান্তর রিপোর্ট**

সিলেটে ছাত্রলীগ নেতা বদরুলের চাপাতি হামলায় গুরুতর আহত খাদিজা বেগম নার্গিস রোববার কোনো কথা বলতে পারেননি। বেশ কয়েকদিন ধরে অসংলগ্নভাবে দুই-একটি কথা বলছিলেন তিনি। খাদিজার বাবা মাসুক মিয়া যুগান্তরকে বলেন, রোববার খাদিজার মুখ থেকে বাবা ডাক এবং অন্য কোনো কথা শুনিনি। সে কথা বলতে চায় কিন্তু পারছে না। তিনি জানান, অন্যদিন দুই-একটা অসংলগ্ন কথা বলতে পারলেও রোববার খাদিজা কোনো কথা বলতে পারেনি। তিনি বলেন, রোববার সকালে খাদিজাকে সুজি ও দুধসহ ৫ ধরনের খাবার খাওয়ানো হয়েছে। ব্যথা দিলে আগের মতো ডান পা নাড়া দেয়। এছাড়া মাঝে মাঝে নাড়া দেয় বাম পা। এদিকে আগামী তিন সপ্তাহ পর খাদিজার শারীরিক অবস্থার সার্বিক উন্নতির জন্য মাথার ডান পাশে ও বাম হাতে অস্ত্রোপচার করার কথা ভাবছেন চিকিৎসকরা। স্কয়ার হাসপাতালের মেডিসিন অ্যান্ড ক্রিটিক্যাল কেয়ার বিভাগের সহযোগী পরিচালক ডা. মির্জা নাজিম উদ্দিন এ তথ্য জানিয়েছেন।

হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, ১১২৬ নম্বর কেবিনে চিকিৎসাধীন রয়েছে খাদিজা। তার অবস্থা ধীরে ধীরে উন্নতি হচ্ছে। তার শরীরের বাম পাশ এখনও অবশ। তার সার্বিক সুস্থতার জন্য দীর্ঘমেয়াদি চিকিৎসা চালিয়ে যেতে হবে।

৩ অক্টোবর সিলেট শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতা বদরুল আলম খাদিজার ওপর হামলা চালায়। ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ৪ অক্টোবর তাকে রাজধানীর স্কয়ার হাসপাতালে আনা হয়। আইসিইউতে অনেকদিন থাকার পর শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হয়। ২৬ অক্টোবর খাদিজাকে কেবিনে নেয়া হয়।